

তীব্র গরমে ঢাবির শতভাগ ক্লাস অনলাইনে

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

: রোববার, ২১ এপ্রিল ২০২৪

সারা দেশে তীব্র তাপদাহের (হিট ওয়েভ) কারণে স্বাস্থ্যঝুঁকি এড়াতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লাস অনলাইনে অনুষ্ঠিত হবে। তবে পরীক্ষা যথারীতি চলমান থাকবে। শনিবার (২১ এপ্রিল) ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে দেয়া এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, চলমান তীব্র তাপদাহের কারণে ঢাবিতে ১০ শতাংশ অনলাইন ক্লাসের পরিবর্তে শতভাগ অনলাইন ক্লাস অনুষ্ঠিত হবে। তবে পরীক্ষাসমূহ যথারীতি চলমান থাকবে।

বিজ্ঞপ্তিতে শিক্ষার্থীদের সাদা বা হালকা রঙের টিলেঢালা সুতির পোশাক পরিধান করা, যথাসম্ভব ছায়াযুক্ত স্থানে থাকা, বাইরে যেতে হলে মাথার জন্য চওড়া কিনারাযুক্ত টুপি, ক্যাপ বা ছাতা ব্যবহার করার পরামর্শ দেয়া হয়েছে।